

ঈশ্বরের সেবা করতে একত্রে কাজ করা

প্রার্থনা : “প্রিয় প্রভু, ছোটদের সাহায্য কর, যাতে তারা পাপ থেকে ফিরে তোমার পরিচর্যা করার জন্যে তাদের বিশ্বাসকে নূতনীকরণ করতে পারে।”

এগুলির মধ্যে সেই সমস্ত যে কোনও শিশুদের শিক্ষার কার্যকলাপ বেছে নিন যেগুলি তাদের প্রয়োজন ও বয়সের সাথে মানানসই হয়।



২ বংশাবলি ৩০ অধ্যায় থেকে হিষ্কিয় রাজার কাহিনীটি যে কোনও একজন বড় ছেলেমেয়ে অথবা প্রাপ্তবয়স্ককে বলতে অথবা পাঠ করতে দিন।

● এই গল্পটি দেখায় যে, কিভাবে একজন রাজা, তার লোকদের মধ্যে শিক্ষাক প্রেরণ করেছিলেন এবং জাগরণ আনয়ন করেছিলেন।

গল্পটি বলার পর এই প্রশ্নগুলি জিজ্ঞাসা করুন (প্রতি প্রশ্নের পর উত্তর দেওয়া হল)।

● কে সমস্ত লোকদের যিরশালেমে নিস্তার পর্ব পালনের পর ঈশ্বরের আরাধনা করার জন্যে, আহ্বান করে ছিলেন? (১ পদ দেখুন)

● কি ভাবে রাজা তাঁর এই আমন্ত্রনকে প্রেরণ করেছিলেন? (১০ পদ দেখুন। তিনি বার্তাবাহকদের প্রেরণ করেছিলেন)।

● কে, উত্তমরূপে সাড়া দেবার জন্যে কিছু লোকের চিত্তকে প্রবৃত্তি দিয়েছিলেন? (১২ পদ দেখুন)।

● ঈশ্বরের বাক্য থেকে তারা যা কিছু শ্রবণ করেছিলেন সে সমস্ত কিছু লোকেরা কি ভাবে অনুশীলন করেছিলেন? (১৪ পদ)

● শেষ অন্য কোন রাজার অধীনে তারা নিস্তার পর্বকে এরূপ ভাবে পালন করেছিল? (২৬ পদ)।

হিষ্কিয় রাজা, যিনি তাঁর লোকদের মধ্যে উদ্দীপনা আনয়ন করেছিলেন, তাঁর কাহিনীটির কিছু অংশ নাটক আকারে প্রস্তুত কর। প্রধান উপাসক মন্ডলীর নেতাদের সহযোগে এই সংক্ষিপ্ত নাটকটি উপস্থাপন করার ব্যবস্থা কর। ছোটদের সাথে আপনার সময়কে এটি প্রস্তুত করতে সাহায্য কর। বড়দের ছোট ছেলেমেয়েদেরকে সাহায্য করতে দিন।

● বড় ছেলেমেয়ে অথবা প্রাপ্তবয়স্করা এই পাঠগুলিতে অভিনয় করবে:

বিবৃতিকার : গল্পটি সংক্ষিপ্ত করবে এবং ছোটদের কি বলতে ও করতে হবে তা স্মরণ করিয়ে দেবে।

রাজা হিষ্কিয় : নিজের হাতে একখন্ড কাগজ রাখবে।

● ছোটরা এই অংশগুলিতে অভিনয় করবে :

রাজার বার্তাবাহক

উপহাসকারী

রাজার বার্তায় সাড়াদানকারীগণ

যাজক

বিবৃতিকার : ২ বংশাবলি ৩০:১-১২ অংশ থেকে গল্পের প্রথম ভাগটি বলবে। এর পর বল, “রাজা হিষ্কিয় কি আদেশ করেন তা শুনুন”

রাজা হিষ্কিয় : “হে আমার বার্তাবাহকগণ তোমরা ইস্রায়েলের সমস্ত নগরীতে যাও। সেখানে তাদেরকে এই বার্তা শোনাও। তোমরা সবাই নিস্তার পালনের জন্যে যিরশালেমে এস। আমাদের যা করার দরকার তা হল অনুতপ্ত হওয়া এবং ঈশ্বরের আর্শীবাদ গ্রহণ করা।”

রাজার বার্তাবাহক : উপস্থিত শ্রোতৃমন্ডলীর বিভিন্ন ব্যক্তির কাছে যাবে ও তাদের বলবে, “অনুতপ্ত হও এবং যিরশালেমে নিস্তার পর্ব পালনের জন্য এস!”

উপহাসকারী : “যিরশালেম অনেক দূর। অতএব আমরা যাবনা!”

রাজার বার্তায় সাড়াদানকারীগণ : “হ্যাঁ, ঈশ্বর আমাদের অনুতপ্ত হতে সাহায্য করবেন। আমরা সেখানে যাবো!”

বিবৃতিকার : ২ বংশাবলি ৩০ঃ১৩-২৭ অংশ থেকে গল্পের দ্বিতীয় অংশ পাঠ করবে। এরপর বলবে, “লোকেরা কি বলে তা শুনুন।”

সাড়াবানকারী লোকজন : “নিস্তার পৰ্ব্ব পালনের জন্য আমরা যেরুশালেমে এসেছি। আমরা একমাত্র সত্য ঈশ্বরের সেবা করতে চাই। এস আমরা চারপাশের এই সমস্ত মূর্তি ও বেদীগুলি ভেঙ্গে দিই!”

রাজা হিষ্কিয় : “এই মহৎ উৎসব পালনের জন্য যা কিছু প্রয়োজন, যে সমস্ত আমি যোগাবো। এস আমরা উৎসাহিত হয়ে উঠি! আমরা যদি অনুতপ্ত হই তবে ঈশ্বর আমাদের প্রার্থনাগুলি শুনবেন!”

যাজক : “একত্রে আনন্দিত হওয়া, এটি একটি উত্তম বিষয়। এস আমরা আরও সাত দিন এই ভাবে পালন করি। রাজা শলোমনের পর থেকে আজ অবধি এরকম উদ্দীপনা আর কখনো হয়নি!”

বিবৃতিকার অথবা বড় ছেলেমেয়ে : বলুন যে নাটকটি শেষ হয়েছে এবং যারা যাহায্য করেছে। তাদের সবাইকে ধন্যবাদ দিন।

প্রশ্নগুলি জিজ্ঞাসা করুন : ছোটরা যদি প্রাপ্তবয়স্কদের জন্য নাটকটি উপস্থাপন করে থাকে তবে তাদেরকে উপরে তালিকাভুক্ত একই প্রশ্নগুলিকে প্রাপ্তবয়স্কদের জিজ্ঞাসা করতে দিন।

হিষ্কিয় রাজা যা করেছিলেন, তা অন্যান্য যারা করেছিল তাদের উদাহরণ সম্পর্কে আলোচনা করুন।

- যাদের ঈশ্বরের প্রয়োজন ছিল, সেই সমস্ত লোকদের কাছে, অন্যান্য লোকেরা অনুতপ্ততার বার্তা বহন করেছে?
- বর্তমান সময়ে কখন, ঈশ্বরের লোকেরা, প্রার্থনা ও উদযাপনের জন্য মিলিত হয়?


শিশুদের অঙ্কনের জন্য বার্তায়ুক্ত কাগজের ছবি অঙ্কনের জন্য বার্তায়ুক্ত একটি কাগজের ছবি অঙ্কন কর। পরবর্তী আরাধনার সময় প্রাপ্তবয়স্কদের অথবা গৃহে তাদের পিতামাতাকে তা দেখাতে দিন। তাদেরকে ব্যাখ্যা করতে দিন যে, আমরা যাতে একত্রে প্রার্থনা ও ঈশ্বরের অনুসন্ধান করতে পারি; তার জন্য আমরা লোকদের কাছে কি ভাবে অনুতাপের বার্তাকে বহন করে নিয়ে যেতে পারি, তা এই ছবিটা তুলে ধরে। বড়ছেলেমেয়েরা ছোটদের সাহায্য করবে।

মুখস্থ পদ : ফিলিপীয় ২ঃ২-৩

কবিতা : গীতসংহিতা ১৪ঃ১-৩ পদগুলি তিনজন ছেলেমেয়ের প্রত্যেককে এক একটি করে আবৃত্তি করতে দিন।

লোকদের আত্মিক ভাবে নুতনীকৃত হওয়ার উপর বড় ছেলে মেয়েদের কবিতা, গান অথবা নাটক লিখতে বলুন। তারা একত্রে এটি করতে পারে এবং ঘরেও এই কাজটি করতে পারে।

প্রার্থনা : “হে প্রভু, ইস্রায়েলীয়দের মত আমরাও কঠোর এবং অবিশ্বস্ত। কিন্তু আমরা তোমার ধন্যবাদ করি এজন্য যে, যখন আমরা অনুতপ্ত হই তখন সর্বদা তুমি আমাদের প্রার্থনা শ্রবণ করে থাকো। যখন আমরা একত্রে উদযাপন করি তখন তুমি আমাদের মহানভাবে আশীর্বাদ কর।”



হিষ্কিয়ের বার্তাবাহকরা লোকদেরকে একত্রে শিক্ষা দিয়েছিলেন।